

র মণী র অশ্রুজলে

ও মেয়ে কাঁদিস কেন? কার দিকে চেয়ে
ও যৌবন ভারী হলো? দু'টি চোখে বসেছে ভ্রমর
ডানা মুড়ে - কার মুখ তোর মনে পড়ে।

এখন বসন্ত নয় শিউলির সুখের আঁধি।
আঁধিনের রোদে রোদে কাশফুলে জেগেছে শিহর
নদীর উতল বড়ো ঝির ঝির গান
তোকে কি ডাকছে এসে ভেসে যাবি উজানের স্রোতে?

এই জন্ম ছুঁয়ে যায় পুষের মন
পুষ পাথর হয়ে বুকে চেপে বসে
চলতে ফিরতে সব সময় যে কঠিন শাসন।

ও মেয়ে কাঁদিস তুই কান্নায় কান্নায় তোর রক্তমুখী নীলা
জুলে উঠছে, গলে যাচ্ছে শিলা।

যৌবনে খাপ্পড় মারছে এক সঙ্গে অহল্যা বেহুলা আর অজস্র উর্মিলা।
সবার জীবনবেদ রমণীয় রমণীয় অশ্রু জলে হয়ে যাচ্ছে ন্নান।

মোহিনীমোহন গঙ্গোপাধ্যায়

